

বিমানে যুক্ত হলো ৩২টি নতুন গ্রাউন্ড সাপোর্ট

- A Monitor Desk Report

Date: 06 March, 2025



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের কার্যক্রম আরও গতিশীল করতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে যুক্ত হয়েছে ৩২টি নতুন গ্রাউন্ড সাপোর্ট যন্ত্র।

বুধবার (৫ মার্চ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সাপোর্ট শাখার উদ্যোগে “নতুন গ্রাউন্ড সাপোর্ট যন্ত্র কমিশনিং ২০২৫” শীর্ষক এক অনুষ্ঠানের মাধ্যমে এসব যন্ত্র সংযোজন করা হয়।

৫৪ কোটি টাকা ব্যয়ে সংযোজিত ৬ ধরনের ৩২টি যন্ত্রের মধ্যে রয়েছে দুটি কন্টেইনার প্যালেট লোডার, ১২টি কন্টেইনার প্যালেট পরিবহন যন্ত্র, ৯টি বেল্ট লোডার, দুটি ১১৫ টন ও পাঁচটি ৬৫ টন ক্ষমতাসম্পন্ন বিমান শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র এবং দুটি এয়ার স্টার্ট ইউনিট। এসব যন্ত্র যুক্ত হওয়ায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড হ্যান্ডলিং সেবার মান আরও উন্নত হবে এবং তৃতীয় টার্মিনালের পরিচালন কার্যক্রম আরও দক্ষতার সঙ্গে পরিচালিত হবে বলে আশা করা হচ্ছে।



এর আগে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৩৫ কোটি টাকা ব্যয়ে ৪৩টি নতুন গ্রাউন্ড সাপোর্ট যন্ত্র সংযোজন করেছিল, যার মধ্যে ছিল চারটি ফর্কলিফট, পাঁচটি আধুনিক যাত্রী পরিবহন বাস, ১৮টি টো ট্র্যাক্টর, ছয়টি বেল্ট লোডার, দুটি পুশব্যাক টো ট্র্যাক্টর ও আটটি বিদ্যুৎ সরবরাহ যন্ত্র। শিগগিরই আরও ১৪টি কন্টেইনার প্যালেট লোডার, ছয়টি যাত্রী সিঁড়ি, চারটি পুশ কার্ট এবং চারটি উন্নতমানের অ্যান্টিলিফট যুক্ত করার পরিকল্পনা রয়েছে।

শুধু যন্ত্র সংযোজনই নয়, দক্ষ জনবল বৃদ্ধিতেও গুরুত্ব দিচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। নতুন কর্মী নিয়োগের কার্যক্রম চলমানের পাশাপাশি নতুন কর্মীদের জন্য বিশেষ প্রশিক্ষণও চালু করা হয়েছে।

অনুষ্ঠানে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাফিকুর রহমান বলেন, “তৃতীয় টার্মিনালের কার্যক্রম আরও গতিশীল করতে আধুনিক যন্ত্রপাতির সংযোজন এবং দক্ষ জনবল নিয়োগের মাধ্যমে বিমান তার সেবার মান আরও উন্নত করতে কাজ করে যাচ্ছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিমান পরিচালনা পর্ষদের চেয়ারম্যান আব্দুল মুয়ীদ চৌধুরী, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়াসহ উর্ধ্বতন কর্মকর্তারা।